# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www.rajshahieducationboard.gov.bd**

শিক্ষা বোর্ড রাজশাহী.বাংলা

বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর : ৫৫৪ /জে.এস.সি/(নিব:)/ বি.প তারিখ: ০৭ /১১/২০২৪ ইং

বিষয় ঃ ২০২৩ সালের ৮ম শ্রেণির (J.S.C) মুদ্রিত রেজিষ্ট্রেশন কার্ড গ্রহণ ও প্রদান প্রসঙ্গে।

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষ এবং ৮ম শ্রেণির পাঠদানের অনুমতি প্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০২৩ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিষ্ট্রেশন কার্ড জেলাওয়ারী বিতরণ, শিক্ষার্থীদের স্বাক্ষরসহ জমা এবং সীলমোহরযুক্ত রেজিষ্ট্রেশন কার্ড প্রদানের তারিখ নিম্নরূপ ভাবে নির্ধারণ করা হয়েছে।

| ক্রমিক নম্বর | জেলার নাম | রেজিষ্ট্রেশন কার্ড বিতরণের তারিখ | সীলমোহরযুক্ত রেজিষ্ট্রেশন কার্ড মুড়ি বই প্রদানের তারিখ | **বিশেষ জ্ঞাতব্য রেজিষ্ট্রেশন কার্ডের মুড়ি বই সবুজ কাপড় দিয়ে বাধাই করতে হবে।** |
|---|---|---|---|---|
| ১ | বগুড়া | ১৭/০১১/২০২৪ | ১৫/১২/২০২৪ | ১নং ক্রমিকের নির্দেশনা অবশ্যই পালন করতে হবে এবং সীলমোহর দেয়ার জন্য বাঁধাইকৃত রেজিষ্ট্রেশন কার্ড সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে জমা দিতে হবে। অন্যথায় কোন জটিলতা সৃষ্টি হলে প্রতিষ্ঠান প্রধানকে জবাবদিহি করতে হবে এবং তার দায়ভার বহন করতে হবে। |
| ২ | জয়পুরহাট | ১৮/০১১/২০২৪ | ১৭/১২/২০২৪ | |
| ৩ | সিরাজগঞ্জ | ১৯/০১১/২০২৪ | ১৮/১২/২০২৪ | |
| ৪ | পাবনা | ২০/০১১/২০২৪ | ১৯/১২/২০২৪ | |
| ৫ | নাটোর | ২১/০১১/২০২৪ | ২২/১২/২০২৪ | |
| ৬ | নওগাঁ | ২৪/০১১/২০২৪ | ২৩/১২/২০২৪ | |
| ৭ | চাঁপাইনবাবগঞ্জ | ২৫/০১১/২০২৪ | ২৪/১২/২০২৪ | |
| ৮ | রাজশাহী | ২৬/০১১/২০২৪ | ২৬/১২/২০২৪ | |

| | |
|---|---|
| ১ | রেজিষ্ট্রেশন কার্ড গ্রহণের সময় (১) সর্বশেষ স্বীকৃতি নবায়নের কপি,(২) বর্তমানে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির কপি,এবং রেজি জমা রসিদের ফটোকপিসহ নিজস্ব প্রতিষ্ঠানের মূল প্যাডে বিদ্যালয় পরিদর্শক বরাবরে আবেদন করতে হবে। ফটোকপি প্যা গ্রহনযোগ্য নয়। প্যাডে ডাকঘর,থানা/উপজেলা,জেলা,EIIN, প্রধান শিক্ষক/অধ্যক্ষের এবং বোর্ড কর্তৃক সরবরাহকৃত মোবাইল প্রতিষ্ঠানের নিজস্ব E-mail Address অবশ্যই উল্লেখ থাকতে হবে। |
| ২ | ০৮(আট) টি জেলার জন্য নির্ধারিত তারিখে রেজিষ্ট্রেশন কার্ড গ্রহণের পর যাচাই বাছাই করত: যে সকল প্রতিষ্টানের হার্ড কপিতে নাম থাকা সত্ত্বেও রেজিষ্ট্রেশন কার্ড মুদ্রণ হয়নি, সে সকল প্রতিষ্ঠান **হার্ড কপির ঝকঝকে ফটোকপি সংযুক্ত করে উল্লিখিত জেলাওয়ারী রেজিষ্ট্রেশন কার্ড গ্রহণের শেষ তারিখ হতে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে কাঙ্খিত রেজিষ্ট্রেশন কার্ডের জন্য নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে পারবেন। ০৪(চার) কপি পাসর্পোট সাইজের রঙিন ছবিসহ ০২ সেট আবেদন জমা দিতে হবে।** |
| ৩ | যদি রেজিষ্ট্রেশন কার্ডে কোনরূপ ভুল পরিলক্ষিত হয় তাহলে সংশোধনী ফি সহ নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করে সংশোধিত রেজিষ্ট্রেশন কার্ড গ্রহন করতে হবে। প্রতিষ্ঠানের সকল ভুল রেজিষ্ট্রেশন কার্ড সংশোধন অন্তে নিয়মানুযায়ী বই বাঁধাই করতে হবে। |
| ৪ | রেজিষ্ট্রেশন কার্ড গ্রহন ও সার্বিক সংশোধন শেষে রেজিষ্ট্রেশন নম্বরের ক্রমানুসারে সাজিয়ে (১০০ জন শিক্ষার্থী হিসেবে) প্রতিটি বই হার্ডবোর্ড দিয়ে বাঁধাই করতে হবে এবং E-mail Address, phone/Mobile, EIIN, ডাকঘর, থানা/উপজেলা ও জেলার নামসহ প্রতিটি বই এর প্রথম রেজিষ্ট্রেশন নম্বর থেকে শেষ রেজিষ্ট্রেশন নম্বর উল্লেখ পূর্বক মোট রেজিষ্ট্রেশন কার্ডের সংখ্যা লিখে (বড় অক্ষর ও সংখ্যা কম্পোজ) করে আঠা দিয়ে সংযুক্ত করতে হবে। একাধিক বই হলে বই নম্বর অবশ্যই লিখতে হবে। যেমন- ০৪ (চার) খানার ক্ষেত্রে ১/৪, ২/৪, ৩/৪ ও ৪/৪ ভাবে লিখতে হবে।।<br>উল্লেখ্য যে, গৃহিত রেজিষ্ট্রেশন কার্ডের মুড়ি (রেকর্ড) J.S.C রেজিষ্ট্রেশন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিয়ে পেলাম মর্মে স্বাক্ষর করে নিতে হবে অন্যথায় আপনার প্রতিষ্ঠানের রেজিষ্ট্রেশন কার্ডের মুড়ি (রেকর্ড) পাওয়া যায় নাই বা তাহা আপনার প্রতিষ্ঠানেই আছে ধরে নেয়া হবে এবং এ বিষয়ে আপনাকে কৈফিয়ত তলব করা হতে পারে। |
| ৫ | জে,এস,সি/২০২৩ সালের শিক্ষার্থীদের রেজিষ্ট্রশন কার্ডে শিক্ষা বোর্ডের সীলের পরিবর্তে নিজ নিজ প্রতিষ্ঠানের গোল সীল অবশ্যই ব্যবহার করতে হবে। |

সীলের পরিমাপ -২ ইঞ্চি ব্যাস। (পূর্বের ন্যায়)

বিশেষ দ্রষ্টব্য ঃ- রেজিস্ট্রেশন কার্ডে যে কোন ধরনের ভুল জরুরী ভিত্তিতে সংশোধনের জন্য আগামী ১৫/১২/২০২৪ ইং তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড প্রতি ১২৫/-(একশত পঁচিশ) টাকা ও নির্ধারিত সময় অতিক্রম হলে ১৫/০১/২০২৫ ইং তারিখ পর্যন্ত ২৫০/-(দুই শত পঞ্চাশ) টাকা এবং ১৫/০২/২০২৫ ইং তারিখ পর্যন্ত ৫০০/-(পাঁচ শত) টাকা হারে সংশোধনী ফি রাজশাহী শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে (সোনালী সেবার মাধ্যমে) জমা দিয়ে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে হবে । আবেদন পত্রের সঙ্গে শিক্ষার্থীর নাম, পিতা, মাতার নাম ও জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের ভর্তি রেজিষ্ট্রার,পিইসি সনদ, জন্ম নিবন্ধন কার্ড,পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র এর ফটোকপি সংযুক্ত করতে হবে। রেজিস্ট্রেশন কার্ডের ঝকঝকে ফটোকপিতে উল্লিখিত ভুল অংশটুকু কেটে লাল কালি দিয়ে প্রার্থীত সংশোধনী লিখে ০২ সেট আবেদন **J.S.C রেজিষ্ট্রেশন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা** দিতে হবে। ছবি সংশোধনের ক্ষেত্রে ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের পরিস্কার রঙ্গিন ছবিসহ ০২ সেট আবেদন জমা দিতে হবে। সংশোধন ফি দাখিলের রসিদসহ আবেদন সরাসরি জে.এস.সি নিবন্ধন শাখায় জমা দিতে হবে।

উল্লেখ্য, যে সকল প্রতিষ্ঠানের রেজিঃ কার্ড ভুল সংশোধনের জন্য আবেদন দেয়া আছে সে সকল প্রতিষ্ঠানের জন্য রেজিঃ কার্ডের মুড়ি জমা দেয়ার উল্লিখিত তারিখ প্রযোজ্য নহে।

Zeaul Huq 07/11/24

(মহাঃ জিয়াউল হক)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০২৫-৮৮৮৫৫৭৬৮ (অফিস)

স্মারক নম্বর : ৮০৯/জে.এস.সি(নিব:)/১৭১(৩৫০০) বি.প                তারিখ: ০৭/১১/২০২৪ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :

১. সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক (হিঃওনিঃ)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (চঃদাঃ)/প্রধান মূল্যায়ন অফিসার (চঃ দাঃ)/উপ-সচিব(প্রশাসন)/(ভান্ডার)/চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/নিরাপত্তা অফিসার/হিসাব(আয়)শাখা/জে,এস,সি পরীক্ষা শাখা/পত্রগ্রহণ শাখা/সংস্থাপন শাখা/বৃত্তি ও সিলেবাস শাখা,অত্র শিক্ষা বোর্ড।
২. রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি প্রাপ্ত/স্বীকৃতি প্রাপ্ত সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণ এবং ৮ম শ্রেণির পাঠদানের অনুমতি প্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষকগণ।

Zeaul Huq 07/11/24

(মহাঃ জিয়াউল হক)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০২৫-৮৮৮৫৫৭৬৮ (অফিস)